

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-১ শাখা
পরিপত্র

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩০/২৩ মে, ২০২৩

বিষয় : বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত সকল মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ৭—৯ খেডের এবং ১০—১২ খেডের পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর খেড প্রদান বিষয়ক কমিটি।

নং ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩-১২৭—সরকারের সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ৭—৯ খেডের এবং ১০—১২ খেডের পদে নিয়োগ/পদোন্নতি/উচ্চতর খেড প্রদানের জন্য পূর্বে জারীকৃত পরিপত্রসমূহ রহিত করিয়া নিম্নরূপ বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি গঠন করা হইল :

(১) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত সকল মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ৭—৯ খেডের পদে সরাসরি নিয়োগ প্রদান বিষয়ক কমিটি :

(ক) কমিটির গঠন :

১। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব	সভাপতি
২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৩। অর্থ বিভাগের যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৪। সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর প্রধান	সদস্য
৫। প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্মসচিব/সমপর্যায়ের কর্মকর্তা	সদস্য সচিব

(৮৮৬১)

মূল্য : টাকা ৪.০০

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ৭—৯ গ্রেডের পদে (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত) সরাসরি নিয়োগ প্রদানের জন্য সুপারিশ প্রদান;
- (২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ৭—৯ গ্রেডের পদে উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া);
- (৩) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেই ক্ষেত্রে সরকারি দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

(২) বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত সকল মন্ত্রণালয়/বিভাগ এর আওতাধীন/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ১০—১২ গ্রেডের পদে সরাসরি নিয়োগ প্রদান বিষয়ক কমিটি :

(ক) কমিটির গঠন :

১। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব	সভাপতি
২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৩। অর্থ বিভাগের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য
৪। সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর একজন প্রতিনিধি	সদস্য
৫। প্রশাসনিক মন্ত্রণালয়ের উপসচিব/সমপর্যায়ের একজন প্রতিনিধি	সদস্য সচিব

(খ) কমিটির কার্যপরিধি :

- (১) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্ত পূরণ সাপেক্ষে মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ১০—১২ গ্রেডের পদে সরাসরি নিয়োগ প্রদানের জন্য সুপারিশ প্রদান;
 - (২) সংশ্লিষ্ট নিয়োগ বিধির শর্ত পূরণ সাপেক্ষে মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ১০—১২ গ্রেডের পদে উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া);
 - (৩) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।
- ২। কমিটিতে সমপর্যায়ের কর্মকর্তা না থাকিলে সেই ক্ষেত্রে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করা যাইবে।
 - ৩। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ এবং প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করিবার অনুরোধ করা হইল।
 - ৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী

সিনিয়র সচিব।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd